গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কক্সবাজার সদর, কক্সবাজার
www. sadar.coxsbazar.gov.bd

স্মারক নম্বর- ০৫.২০.২২২৪.০০০.০৩.০০১.২০২৪- ৯৬৭

তারিখ : ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

# -: কক্সবাজার সদর উপজেলাধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কক্সবাজার সদর উপজেলাধীন (পৌরসভা ব্যতীত) নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত সিডিউলে উল্লেখিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে মুখ বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**১৪৩১ বঙ্গাব্দের ইজারাযোগ্য হাট-বাজারসমূহের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়নের নাম, সরকারি মূল্য এবং সিডিউল মূল্য নিম্নরূপ :**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বাজারের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১। | চৌফলদণ্ডী ইউনিয়ন | ১। চৌফলদণ্ডী বাজার | ৫,০৯,৩৭৫/- | ১,৮০০/- |
| ০২। | ভারুয়াখালী ইউনিয়ন | ১। ভারুয়াখালী বাজার | ৭,৭৪,০৯৬/- | ২,২০০/- |
| | | ২। ভারুয়াখালী আনুর দোকান বাজার | ২,১১,৫৩০/- | ১,২০০/- |
| | | ৩। ভারুয়াখালী উল্টাখালী ফকিরা বাজার | ২৫,৪২২/- | ৫০০/- |
| ০৩। | পিএমখালী ইউনিয়ন | ১। বাংলা বাজার | ২৫,৭৪,৯১৭/- | ৫,৮০০/- |
| | | ২। জুমছড়ি চেরাংঘর বাজার | ১৩,২০,৪৪২/- | ৩,৪০০/- |
| | | ৩। নুর মোহাম্মদ চৌধুরী বাজার | ৩২,২৪২/- | ৫০০/- |
| ০৪। | খুরুশকুল ইউনিয়ন | ১। খুরুশকুল টাইম বাজার | ৪,৬৮,০৮৪/- | ১,৬০০/- |
| | | ২। খুরুশকুল নতুন অফিস বাজার | ৫,৫২,৮৭৮/- | ১,৮০০/- |
| | | ৩। খুরুশকুল বঙ্গবন্ধু বাজার | ১,৪৮,৪০০/- | ১,০০০/- |
| ০৫। | ঝিলংজা ইউনিয়ন | ১। খরুলিয়া বাজার | ১,৬৬,৫৪,৫৮০/- | ৩৪,০০০/- |

৩। দরপত্র প্রাপ্তির স্থান : (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর, কক্সবাজার।
(খ) সহকারী কমিশনার (ভূমি), কক্সবাজার সদর, কক্সবাজার।
(গ) অফিসার ইনচার্জ, কক্সবাজার সদর মডেল থানা।
(ঘ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
(ঙ) সোনালী ব্যাংক, কক্সবাজার শাখা।

৪। দরপত্র দাখিল/জমা দেয়ার স্থান : (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কক্সবাজার সদর, কক্সবাজার।
(খ) সহকারী কমিশনার (ভূমি), কক্সবাজার সদর, কক্সবাজার।
(গ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

৫। দরপত্র ক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচী :

| পর্যায় | দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১২/০২/২০২৪ হতে ১০/০৩/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ১১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ দুপুর-১.০০ টা পর্যন্ত | ১১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৩.০০ টা | |
| ২য় পর্যায় | ১২/০৩/২০২৪ হতে ১৮/০৩/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ১৯/০৩/২০২৪ খ্রিস্টাব্দ দুপুর-১.০০ টা পর্যন্ত | ১৯/০৩/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৩.০০ টা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ৩য় পর্যায় | ২০/০৩/২০২৪ হতে ২৪/০৩/২০২৪ খ্রিস্টাব্দ পর্যন্ত অফিস চলাকালীন সময় | ২৫/০৩/২০২৪ খ্রিস্টাব্দ দুপুর-১.০০ টা পর্যন্ত | ২৫/০৩/২০২৪ খ্রিস্টাব্দ বিকাল ৩.০০ টা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |

## ১৪৩১ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য অস্থায়ী ভিত্তিতে হাট-বাজার ইজারা দেয়া হবে। এখানে উল্লেখিত শর্তাবলী ছাড়াও সরকার জারিকৃত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার এর অনুকূলে জমা দিতে হবে; ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে ও অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং উদ্বৃত দর কথায় লিখতে হবে।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। ইজারা কার্যক্রম চূড়ান্ত না হওয়া পর্যন্ত ১ম, ২য় ও ৩য় ডাককারীর কোন ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবমুক্ত করা হবে না।

১৮। উল্লেখিত হাট-বাজারসমূহের ইজারা কার্যক্রম সম্পন্ন হওয়ার পরেও সরকার কর্তৃক যে কোন সময় জারীকৃত আদেশ, নির্দেশ অবশ্যই ইজারাদার মানিয়া নিতে বাধ্য থাকিবে।

১৯। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

২০। দরপত্র দাখিলকারী স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার নাগরিক সনদ দরপত্রের সাথে সংযুক্ত করবেন।

২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর/- ০৫/০২/২৪
সম্রাট খীসা
উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার।
ফোন : ০২-৩৩৩৩৪৬৭৫৭
E-mail : unocoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২২৪.০০০.০৩.০০১.২০২৪- ৯৬৭

তারিখ : ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। বিজ্ঞপ্তিটি পিপিআর ২০০৮ অনুযায়ী সিপিটিইউ'র ওয়েবসাইটে প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৫। পুলিশ সুপার, কক্সবাজার।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার।

০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার। **(দরপত্র বিক্রয় পূর্বক দরপত্র দাখিলের পূর্বে দরপত্র বিক্রির তালিকাসহ বিক্রয়লব্ধ অর্থ প্রেরণ এবং ধার্য্য তারিখে দরপত্র বাক্স সংরক্ষণের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো)।**

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, ......................................(সকল)।

১০। মেয়র, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।

১১। সহকারী কমিশনার (ভূমি), সদর, কক্সবাজার। **(দরপত্র বিক্রয় পূর্বক দরপত্র দাখিলের পূর্বে দরপত্র বিক্রির তালিকাসহ বিক্রয়লব্ধ অর্থ প্রেরণ এবং ধার্য্য তারিখে দরপত্র বাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)।**

১২। উপজেলা...................................................................কর্মকর্তা, সদর, কক্সবাজার।

১৩। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কক্সবাজার শাখা, কক্সবাজার। **(দরপত্র বিক্রয় পূর্বক দরপত্র দাখিলের পূর্বে দরপত্র বিক্রির তালিকাসহ বিক্রয়লব্ধ অর্থ প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**

১৪। সাব-রেজিস্ট্রার, সদর, কক্সবাজার।

১৫। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, কক্সবাজার। **(দরপত্র বিক্রয় পূর্বক দরপত্র দাখিলের পূর্বে দরপত্র বিক্রির তালিকাসহ বিক্রয়লব্ধ অর্থ প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**

১৬। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ(সকল), সদর,কক্সবাজার। **(বিজ্ঞপ্তিটি জনসমাগম স্থানে এবং সংশ্লিষ্ট হাট-বাজার এলাকায় মাইক/ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**

১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, কক্সবাজার সদর/পিএমখালী/খুরুশকুল/চৌফলদন্ডী, কক্সবাজার সদর, কক্সবাজার। **(বিজ্ঞপ্তিটি জনসমাগম স্থানে লটকানো এবং সংশ্লিষ্ট হাট-বাজার এলাকায় মাইক/ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক ০৬/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জারী প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো)।**

১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার...................................................................................। **(বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ১৩/০২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ তাঁর পত্রিকার যে কোন পাতায় ১০ফন্ট হিসেবে প্রচারের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রচারিত পত্রিকার ০৪(চার)টি কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

১৯। জনাব...........................................................................১৪৩০ বাংলা সনের ইজারাদার..............................হাট-বাজার, সদর, কক্সবাজার।**(তাঁকে আগামী ৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা অপরাহ্নে হাট-বাজারের দখল ছেড়ে দেয়ার জন্য বলা হলো)।**

২০। সহকারী প্রোগ্রামার, সদর, কক্সবাজার। **(বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আবশ্যিকভাবে আপলোড করার জন্য বলা হলো)।**

২১। দপ্তর নথি/নোটিশ বোর্ড।

০৮/০২/২৪
উপজেলা নির্বাহী অফিসার
সদর, কক্সবাজার।